[redacted]

[redacted]

[redacted]

[

মেহেরপুর যুবলীগের যুব সমাবেশ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে বাংলাদেশ আওয়ামী যুবলীগ কেন্দ্রীয় কমিটির নির্দেশনায় মেহেরপুর জেলা যুবলীগের যুব সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকেলে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারের মিলনায়তনে এ যুব সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা যুবলীগের আহ্বায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনের সভাপতিত্বে প্রধান যুব সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান মোঃ গোলাম রসূল।

মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক শহিদুল ইসলাম পেরেশানে সঞ্চালনায়, প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাড. মিয়াজান আলী।

অতিথিদের মধ্যে বক্তব্য রাখেন, মেহেরপুর শহর আওয়ামী লীগের সভাপতি ও সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ জিয়াউদ্দিন বিশ্বাস, জেলা আওয়ামী লীগের উপদেষ্টা মণ্ডলীর সদস্য মোঃ আসকার আলী।

এছাড়াও আওয়ামী লীগ নেতা আব্দুল মান্নান, যুবলীগ নেতা সাজেদুল ইসলাম, জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জুয়েল রানা, সাবেক ছাত্রলীগ নেতা মাহফুজুর রহমান পলেন, জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা, মেহেরপুর জেলা পরিষদের সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, নিসান সাবের প্রমুখ এ সময় বক্তব্য রাখেন।

গাংনী উপজেলা আওয়ামী লীগের সংবাদ সম্মেলন

র্দীঘ দেড় যুগ পরেও মেহেরপুরের গাংনী উপজেলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন স্থগিত হওয়ায় সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার (১৮মার্চ) বিকেলে সম্মেলন প্রস্তুতিস্থলে এ আয়োজন করে গাংনী উপজেলা আওয়ামীলীগ।

দীর্ঘ প্রতিক্ষার পর আগামী রবিবার (২০ মার্চ) গাংনী উপজেলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন আনুষ্ঠিত হওয়ার কথা ছিলো। সকল প্রস্তুতির শেষ পর্যায়ে এসে সম্মেলন স্থগিতের বিষয়ে উপজেলার নেতাকর্মীসহ সকল শ্রেনী পেশার মানুষকে অবহিত করতেই এ সংবাদ সম্মেলন।

উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফার সভাপতিত্বে বক্তব্য রাখেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

এসময় তিনি সকলের উদ্দেশ্যে বলেন সম্মেলনের স্থগিতের বিষয়ে কেন্দ্রের সিদ্ধান্ত এবং প্রতিদ্বন্দীদের শত্রুতার ফলেই এ সম্মেলন স্থগিত হয়েছে। তবে আমরা এখনও আশাবাদি যে এবার সম্মেলন হবে। এবং আগামী দিনে বৃহত এ সংগঠনের যোগ্য নেতৃত্ব আমরা পাবো।

এসময় জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মকলেছুর রহমান মুকুল, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মনিরউজ্জামান, নজরুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, বামুন্দি ইউপি চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবাইদুর রহমান কমল, ষোলটাকা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম কিবরিয়াসহ নেতৃবৃন্দ।

[redacted]

[redacted]

আটক বাংলাদেশী নাগরিককে ফেরত এনে মামলা দিয়ে মুজিবনগর থানায় হস্তান্তর করেন। শুক্রবার দুপুরে আটক আসামিকে মেহেরপুর কোর্টে প্রেরণ করা হয়েছে।

আলমডাঙ্গায় সেপটিক ট্যাংক পড়ে প্রাণ গেল ২ শ্রমিকের

আলমডাঙ্গা পৌর শহরের দাসপাড়ায় সেপটিক ট্যাংকে পড়ে এক শ্রমিকের মৃত্যু হয়। এ ঘটনায় আশঙ্কাজনক অবস্থায় আরও এক যুবককে উদ্ধার করে হাসপাতালে নিলে চিকিৎসাধীন অবস্থায় মারা যায়।

শুক্রবার (১৮ মার্চ) সকাল ৭ টার দিকে আনন্দধাম দাস পাড়ার মন্দির প্রাঙ্গণের কাছে একটি সদ্য নির্মিত বাড়ির সেপটিক ট্যাংকে পড়ে এ দুর্ঘটনা ঘটে। নিহত ব্যাক্তিরা হলো- কুষ্টিয়া জেলার কুমারখালি এলাকার আনসার পরমানিকের ছেলে রাজমিস্ত্রি শরিফুল পরমানিক (৩৫) ও পাবনা চাটমোহর রেলবাজার এলাকার রাজু কুমার দাস এর ছেলে সাগর কুমার দাস।

রাজু ওই নির্মিত ভবন মালিক নিপেন এর বাড়িতে বসবাস করে আসছিলো। তাদের উদ্ধার করে আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করে ।

স্থানীয়রা জানান, শুক্রবার সকাল ৭ টার দিকে আনন্দধাম এলাকার দাসপাড়া সদ্য নির্মিত ভবনের নির্মানাধীন বাড়ির সেপ্টি ট্যাংকের ভেতরের সাটারিং খুলতে নেমে রাজমিস্ত্রি অজ্ঞান হয়ে যায় । পরে বাড়ির ওই যুবক চিৎকার দিয়ে সেও সেপটিক ট্যাংকিতে নামলে সেও অজ্ঞান হয়ে যায়। প্রতিবেশীরা ছুটে এসে ট্যাংকের ভিতরে তাদের উদ্ধারের চেষ্ঠা চালায়।

ইতো মধ্যে আলমডাঙ্গা ফায়ার সার্ভিস ঘটনাস্থলে পৌছে ঘন্টা ব্যাপি শ্বাসরুদ্ধ উদ্ধার অভিযান চালায়। তাদের দুজনকে উদ্ধার হারদি হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করে।

এলাকাবাসী অভিযোগ করেন, ফায়ার সার্ভিসের গাফিলতির কারণে উদ্ধার অভিযান পূর্বে তারা মারা যায়। সেপটিক ট্যাংকে অক্সিজেন না থাকার কারণে তারা মারা গেছে। আলমডাঙ্গা ফায়ার সার্ভিসের নিকট অক্সিজেন ব্যবসা না থাকার বিষয়ে তিব্র নিন্দা করে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। খবর পেয়ে সকালেই ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। তিনি আরো বলেন, ফায়ার সার্ভিস তাদের দুজনকে উদ্ধার করে হারদি হাসপাতালে নিলে চিকিৎসক মৃত ঘোষণা করে।

জীবননগরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও শিশু দিবস পালিত

জীবননগরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকী ও শিশু দিবস পালিত উপলক্ষে কেক কাটা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে ৮টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা নির্বাহী অফিসার মোঃ আরিফুল ইসলামের সভাপতিত্বে উপজেলা পরিষদ চক্তরে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর থানা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারন সম্পাদক আব্দুল লতিফ অমল, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মোঃ হুমায়ন কবির,জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ আব্দুল খালেক, জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পঃপঃ কর্মকর্তা ডাঃ সেলিমা আক্তার,বীর মুক্তিযোদ্ধা সাইদুর রহমান

প্রমুখ।

আলোচনা সভা শেষে শিশুদের নিয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকী উপলক্ষে কেক কাটা হয়।

এছাড়া জীবননগর ইসলামি ফাউন্ডেশনের উদ্যোগে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা, পুরস্কার বিতরণী ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, বিশেষ অতিথি মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, উপজেলা শিক্ষা অফিসার মোঃ জালাল উদ্দিন।

অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ আরিফুল ইসলাম।

জেলা ছাত্রলীগের সভাপতির উদ্যোগে শিশু পরিবারে বঙ্গবন্ধুর জন্মদিন পালন

মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন এর উদ্যোগে মেহেরপুর সরকারি শিশু পরিবারের শিশুদের সাথে নিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০২ তম জন্মদিন পালন করা হয়েছে।

বৃহস্পতিবার বিকালে শিশু পরিবার চত্বরে শিশুদের সাথে নিয়ে কেক কাটার আয়োজন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক অনিক ইসলাম, সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ, সাধারণ সম্পাদক কুতুব উদ্দিনসহ শিশু পরিবারের শিক্ষার্থীরা।

শৈলকুপায় অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে সহায়তা প্রদান

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার আশুরাট গ্রামে আগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ৫টি পরিবারের মাঝে পোশাকসহ নগদ টাকা সহায়তা প্রদাণ করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই ঘটনাস্থল পরিদর্শন করে ক্ষতিগ্রস্থদের মাঝে শাড়ি, লুঙ্গি, গামছাসহ নগদ টাকা সহায়তা প্রদাণ করেন। এসময় কান্নায় ভেঙ্গে পড়েন ক্ষতিগ্রস্থরা।

গত সোমবার বিকেলে শৈলকুপার আশুরাট গ্রামে বৈদ্যুতিক শর্ট-সার্কিট থেকে সুত্রপাত হওয়া আগুনে পুড়ে যায় ওই গ্রামের ৫টি কৃষকের বসত বাড়ি। ভষ্মিভূত হয় ৫ জনের ৭ টি ঘরে থাকা ধান, পাট, পোশাক, নগদ টাকাসহ আববাবপত্র।

ঝিনাইদহে নানা কর্মসূচীর মধ্য দিয়ে বঙ্গবন্ধুর জন্মদিন ও শিশু দিবস পালিত

নানা কর্মসূচীর মধ্য দিয়ে ঝিনাইদহে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস পালিত হয়েছে।

এ উপলক্ষে বৃহস্পতিবার সকাল ৭ টায় জেলা আওয়ামী লীগের কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হয়। সেখান থেকে একটি র্যালী বের

করা হয়।

র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে প্রেরণা একাত্তর চত্বরে গিয়ে শেষ হয়। পরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অপর্ণ করা হয়। সেসময় জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই এমপি, সহ-সভাপতি শফিকুল ইসলাম অপুসহ দলটির নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সকাল সাড়ে ৯ টায় জেলা প্রশাসনের আয়োজনে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে উজির আলী স্কুল মাঠে গিয়ে শেষ হয়। পরে সেখানে কেক কেটে বঙ্গবন্ধু জন্মদিন পালন করা হয়।

এর আগে শান্তির প্রতিক পায়রা ও বেলুন উড়িয়ে ৭ দিন ব্যাপী মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলার উদ্বোধন করা হয়। এ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় জেলা প্রশাসক মনিরা বেগম’র সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই এমপি।

বিশেষ অতিথি ছিলেন সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য খালেদা খানম, পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, স্থানীয় সরকারের উপ-পরিচালক ইয়ারুল ইসলাম, জেলা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার মকবুল হোসেন। আলোচনা সভায় বক্তারা, বঙ্গবন্ধুর আদর্শকে বুকে লালন করে দেশ গড়তে সকলের প্রতি আহ্বান জানান।

জেলা প্রশাসনের আয়োজনে বৃহস্পতিবার থেকে শুরু হওয়া এ মেলা চলবে আগামী ২৩ মার্চ পর্যন্ত। ৭ দিন ব্যাপী এ মেলায় বিভিন্ন সরকারি, বেসরকারি দপ্তরের ৫১ টি স্টল স্থান পেয়েছে।

এছাড়া জেলার বিভিন্ন স্থানে র্যালি, চিত্রাঙ্কন প্রতিযোগিতাসহ বিভিন্ন আয়োজনের মধ্যে দিয়ে বঙ্গবন্ধুর জন্মদিন ও শিশু দিবস পালিত হয়েছে।

মহাজনপুর ইউনিয়ন পরিষদের

আয়োজনে বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস পালিত

মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়ন পরিষদের আয়োজনে আলোচনা সভা, দোয়া মহফিল,কেক কাটার মধ্যদিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস পালিত হয়েছে।

বৃহস্পতিবার বিকালে ইউনিয়ন পরিষদ চত্তরে উক্ত আলোচনা সভায় মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলুর সভাপতিত্বে বক্তব্য রাখেন মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাধারন সম্পাদক ও জেলা আওয়ামী লীগের সদস্য গোলাম মোস্তফা,মহাজনপুর ইউনিয়নের ১নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও সাবেক ইউপি সদস্য নুরুল ইসলাম,৪নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারন সম্পাদক সেখ সাদী, উপজেলা স্বেচ্ছাসেবকলীগের সাবেক সাধারন সম্পাদক শেখ মিসকিন,মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দীন লাভলু,ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি রাসেল,,ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি এমাম হোসেন ইমন প্রমুখ।

উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা হারুন অর রশিদ,লুৎফর রহমানসহ বিপুল সংখ্যাক নেতাকর্মী বৃন্দ। আলোচনাসভা শেষে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী উপলক্ষে কেক কাটা ও বঙ্গবন্ধুর আত্মার মাগফিরাত কামনায় দোয়া করা হয়।